



## প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও নির্দেশনাসমূহ

১। কোর্স শিরোনাম: Training on Bioinformatics

২। কোর্সের মেয়াদ: ২ দিন

৩। আসন সংখ্যা: ২৫ (পঁচিশ) জন।

৪। অংশগ্রহণকারীর যোগ্যতা: বিশ্ববিদ্যালয়ে জীবপ্রযুক্তি বিষয়ে ৪র্থ বর্ষ/মাস্টার্সে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী।

৫। প্রশিক্ষণার্থী নির্বাচন: বিশ্ববিদ্যালয়সমূহের জীবপ্রযুক্তি/সংশ্লিষ্ট বিভাগ হতে প্রস্তাবিত ছাত্রছাত্রীদের তালিকা অনুযায়ী। এছাড়াও প্রশিক্ষণে অংশগ্রহণে ইচ্ছুক ছাত্রছাত্রী যারা ইতোমধ্যে এনআইবি'র বায়োইনফরমেটিক্স বিভাগ/প্রশিক্ষণ বিভাগের ইমেইলে নাম পাঠিয়েছেন সে অনুযায়ী।

৬। রেজিস্ট্রেশন পদ্ধতি: এনআইবি'র ওয়েবসাইট ([www.nib.gov.bd](http://www.nib.gov.bd)) এ নির্ধারিত প্রশিক্ষণের জন্য নির্ধারিত লিংকে ক্লিক করে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্নকারি আগ্রহী প্রশিক্ষণার্থীদেরকে এনআইবি'র প্রশিক্ষণ বিভাগ হতে ইমেইল/মোবাইলের মাধ্যমে কনফারমেশন দেয়া হবে। এনআইবি'র প্রশিক্ষণ বিভাগ হতে কনফারমেশন পাওয়ার পর প্রশিক্ষণের জন্য নির্ধারিত ফি জমা দিতে হবে।

৭। কোর্স ফি: কোর্স পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান করতে হবে।

৮। ফি জমাদান পদ্ধতি: সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে A/C No. 4447902000771, Account Name: NATIONAL INSTITUTE OF BIOTECHNOLOGY (INCOME), Sonali Bank Limited, Dhaka EPZ (200261094), Dhaka বরাবর প্রশিক্ষণ ফি বাবদ নির্ধারিত টাকা জমা দিতে হবে। ব্যাংকে টাকা জমাদানের পর টাকা জমা রশিদের কপি স্ক্যান করে আবশ্যিকভাবে ইমেইলে ([hrdnib@gmail.com](mailto:hrdnib@gmail.com)) প্রেরণ করতে হবে।

৯। প্রশিক্ষণের ধরণ/মাধ্যম: অনলাইন প্রশিক্ষণ। প্রশিক্ষণ শুরুর পূর্বে ভিডিও কনফারেন্সিং সফটওয়্যার (Zoom) এর ট্রেনিং আইডি ও পাসওয়ার্ড শুধুমাত্র প্রশিক্ষণের জন্য নিবন্ধনকৃত ছাত্রছাত্রীদের ই-মেইলে/মোবাইলে এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিবন্ধনকৃত ছাত্রছাত্রীদের Zoom আইডিতে আবশ্যিকভাবে তাঁর নাম এবং বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত নাম উল্লেখ থাকতে হবে। নিবন্ধন ফরমে উল্লিখিত ছাত্রছাত্রীদের নাম, বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের নাম এবং Zoom আইডিতে ব্যবহৃত নাম একই হতে হবে।

১০। প্রয়োজনীয় ডিভাইস ও সফটওয়্যার: প্রশিক্ষণার্থীদের ক্লাস শুরুর পূর্বে প্রয়োজনীয় সফটওয়্যার ও অন্যান্য প্রশিক্ষণ উপকরণ সরবরাহ করা হবে। প্রশিক্ষণার্থীদের ল্যাপটপ/ডেস্কটপ এ আবশ্যিকভাবে উইন্ডোজ ও লিনাক্স অপারেটিং সিস্টেম ইনস্টল থাকতে হবে। একইসাথে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে হবে।

১১। অন্যান্য: প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি এনআইবি'র ওয়েবসাইট ([www.nib.gov.bd](http://www.nib.gov.bd)) হতেও সংগ্রহ করা যাবে।

### প্রশিক্ষণ সংক্রান্ত যোগাযোগ

জনাব হাবিবুন নবী ফরহাদ  
লাইব্রেরিয়ান ও বিভাগীয় ইনচার্জ  
প্রশিক্ষণ বিভাগ, এনআইবি  
মোবাইল- ০১৫৫০-৬৯৯৪৯৯  
ইমেইল- [hrdnib@gmail.com](mailto:hrdnib@gmail.com)

*(Signature)*

*(Signature)*